

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

১১ শ্রাবণ ১৪২৩  
তারিখঃ \_\_\_\_\_  
২৬ জুলাই ২০১৬

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত নীতিমালা।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯, তারিখ- ৩০ জুলাই ২০১২; বিআরপিডি সার্কুলার নং- ১৮, তারিখ- ২৯ নভেম্বর ২০১২; বিআরপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ- ১৬ জানুয়ারী ২০১৪ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখ- ২ জুন ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে সময়ে সময়ে ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত বিভিন্ন নীতিমালা জারি করা হয়। এক্ষণে, ভবন/ফ্লোর স্পেস দীর্ঘ মেয়াদে ভাড়া/ইজারা চুক্তি সম্পাদনের সুবিধা, ব্যাংক-ব্যবসার ক্ষেত্রে ও পরিধি, গ্রাহক সংখ্যা ও নিজস্ব কর্মবল/জনবল বৃদ্ধি ইত্যাদি বিবেচনায় এতদসংক্রান্ত নীতিমালায় পরিবর্তন আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। **বিআরপিডি সার্কুলার লেটার নং-৯/২০১২** এ অন্যান্য নির্দেশনার মধ্যে ভবন ও ফ্লোর স্পেস ১০ বছর মেয়াদে ভাড়া/ইজারা গ্রহণ করার বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছিল। এক্ষণে, দীর্ঘ মেয়াদে চুক্তি সম্পাদনের ক্ষেত্রে ব্যয় সাশ্রয়ী ও অন্যান্য সুবিধাদি বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংক কর্তৃক সর্বোচ্চ ২০ (বিশ) বছর মেয়াদে ভবন/ফ্লোর স্পেস ভাড়া/ইজারা গ্রহণ করা যাবে।

০৪। **বিআরপিডি সার্কুলার নং-১৮/২০১২** এর ১(গ)(৩) অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবেঃ

“সকল মেট্রোপলিটন এলাকা/সিটি কর্পোরেশন ও ‘ক’ শ্রেণীভুক্ত পৌরসভায় স্থাপিত শাখা “শহর শাখা” এবং ‘খ’ ও ‘গ’ শ্রেণীভুক্ত সকল পৌরসভা ও ইউনিয়ন এলাকায় স্থাপিত শাখা “পল্লী শাখা” হিসেবে গণ্য হবে।”

০৫। বিআরপিডি সার্কুলার লেটার নং-০২/২০১৪ এ অন্যান্য নির্দেশনার মধ্যে নতুন শাখা স্থাপন বা বিদ্যমান শাখা স্থানান্তরের ক্ষেত্রে শহর শাখার জন্য ৫,০০০ (পাঁচ হাজার) বর্গফুট এবং পল্লী শাখার জন্য ২,০০০ (দুই হাজার) বর্গফুট এর অধিক ফ্লোর স্পেস ব্যবহার না করার নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, ব্যাংক-ব্যবসার ক্ষেত্রে ও পরিধি, গ্রাহক সংখ্যা ও নিজস্ব কর্মবল/জনবল বৃদ্ধি ইত্যাদি বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, প্রয়োজনের নিরিখে নতুন ব্যাংক শাখা স্থাপন বা বিদ্যমান শাখা স্থানান্তরের ক্ষেত্রে শহর শাখার জন্য সর্বোচ্চ ৬,০০০ (ছয় হাজার) বর্গফুট এবং পল্লী শাখার জন্য সর্বোচ্চ ৩,০০০ (তিন হাজার) বর্গফুট পর্যন্ত ভবন/ফ্লোর স্পেস ভাড়া/ইজারা গ্রহণপূর্বক ব্যবহার করা যাবে।

০৬। এতদ্বারা, **বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখ- ২ জুন ২০১৪** রহিত করা হলো। এতদ্বারা, সুশ্রেণীভিত্তি অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত অপরাপর নির্দেশনা বহাল থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোশ্বর নাহের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২।